GHASHFUL

# নিয়োগ বিজ্ঞপ্তি

## উদ্যাক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য কনসালটেন্ট খুঁজছে

উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য কনসালটেন্ট ফার্ম খুঁজছে ঘাসফুল। বিস্তারিত সংযুক্ত (Terms of Reference) ToR- এ উল্লেখ করা রয়েছে। আবেদন বা প্রস্তাবনা পাঠানোর শেষ সময়: ২৩/১১/২০২৪।

আবেদন বা প্রস্তাবনা পাঠাতে হবে নির্বাহী পরিচালক, ঘাসফুল , চট্টগ্রাম বরাবরে; ghashfulhr@gmail.com অথবা rmtp@ghashful-bd.org এই ইমেইলে ।

**উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সটি সম্পাদনের ক্ষেত্রে কনসালটেন্ট নিয়োগ সংক্রান্ত কর্মপরিধি ।**

**১.০ ঘাসফুল সংস্থা সম্পর্কে,**

ঘাসফুল এবং ঘাসফুল এর উন্নয়নযাত্রা

১৯৭২ সাল। স্বাধীনতাযুদ্ধে বিধ্বস্থ দেশ। মিসেস শামসুন্নাহার রহমান পরান দেশের জন্য, দেশের অসহায় মানুষের জন্য কিছু করার উদ্দেশ্যে পারিবারিক সদস্য ও নিকটাত্মীয় এবং পারিবারিক বন্ধুদের নিয়ে গঠন করেন ঘাসফুল। তিনি দলিত ও সুবিধাবঞ্চিত মানুষের প্রতিক হিসেবে সংগঠনটির নাম দিলেন, "ঘাসফুল"। প্রকৃতিতে ঘাসফুল যেমন ফুল হয়ে ফুটলেও ফুলের মার্যাদা পায় না, নির্বিচারে কিংবা অকারণে পদদলিত হয় তেমনি সমাজের সুবিধাবঞ্চিত তৃণমুল মানুষগুলো মানুষ হয়ে জন্মগ্রহণ করেও মানুষের মার্যাদা পায় না। সদ্যগঠিত ঘাসফুল চট্টগ্রাম শহরে বস্তিবাসীদের মাঝে রিলিফ ওয়ার্কের মাধ্যমে কাজ শুরু করে । সংগঠনটি রিলিফওয়ার্ক শেষে দরিদ্র মানুষের স্বাস্থ্য, শিক্ষা ও সুখী পরিবার/ছোট পরিবার গঠনে পরিবার পরিকল্পনা বিষয়ে কাজ শুরু করে। পরবর্তীতে ১৯৭৮ সালে এই প্রতিষ্ঠান জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকে সরকারী রেজিষ্ট্রেশন লাভ করে। ঘাসফুল চট্টগ্রামের প্রথম রেজিষ্টার্ড এনজিও হিসেবে আত্মপ্রকাশ করে। শিক্ষা, প্রজনন স্বাস্থ্য এবং জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে ধীরে ধীরে বাড়তে থাকে সংস্থার কর্ম-পরিধি এবং কর্ম-এলাকা। ১৯৯৭ সালে ঘাসফুল দাতা সংস্থা অ্যাকশন-এইড এর সহায়তায় দরিদ্র মানুষের অর্থনৈতিক জীবন-মান উন্নয়ণে ক্ষুদ্রঋণ কার্যক্রম শুরু করে। ক্ষুদ্রঋন কার্যক্রমের পাশাপাশি তৃণমুল মানুষের প্রয়োজনে আরো বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে একটি সমন্বিত উন্নয়নমুলক কার্যক্রম পরিচালনা করে। ২০০৪ সালে ৪ঠা সেপ্টেম্বর পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) ১২৬তম বোর্ড সভায় ঘাসফুল সহযোগী সংস্থা হিসেবে অনুমোদন লাভ করে। পিকেএসএফ এর সহায়তায় ঘাসফুল এর উন্নয়নযাত্রায় নতুন মাত্রা যোগ হয়। বর্তমানে পিকেএসএফ এর সহায়তায় ঘাসফুল চট্টগ্রাম, ফেনী, কুমিল্লা, ঢাকা, নওগাঁ এবং চাপাইনবাবগঞ্জসহ ছয়টি জেলায় ক্ষুদ্র ঋণ কার্যক্রমের মাধ্যমে উন্নয়ণ কর্মকান্ড পরিচালনা করছে।

**২.০ Rural Microenterprise Transformation Project (RMTP) সম্পর্কে**

International Fund for Agricultural Development (IFAD) এবং DANIDA'র যৌথ অর্থায়নে পিকেএসএফ কর্তৃক বাস্তবায়নাধীন RMTP নামক প্রকল্পটি ঘাসফুল সংস্থার মাধ্যমে নওগাঁ জেলার ৫টি উপজেলায় (নওগাঁ সদর, মহাদেবপুর, মান্দা, পত্নীতলা ও বদলগাছী) বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ক্ষুদ্র উদ্যোগের আর্থিক পরিষেবা সম্প্রসারণের পাশাপাশি নির্বাচিত ভ্যালু চেইন উপ-প্রকল্পসমূহের আওতায় প্রযুক্তি হস্তান্তর এবং নিরাপদ ও পুষ্টিমান সমৃদ্ধ পোল্ট্রি পণ্যের উৎপাদনের সাথে জড়িত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, উদ্যোক্তা এবং অন্যান্য মার্কেট অ্যাক্টরদের আয়বৃদ্ধিসহ পণ্যের তুলনামূলক সুবিধা এবং পণ্যের বাজার সম্প্রসারণের জন্য কার্যক্রম বাস্তবায়ন করছে। এ প্রকল্পের আওতায় উৎপাদিত পণ্যের ব্র্যান্ড ইমেজ তৈরির পাশাপাশি পণ্য প্রক্রিয়াজাতকরণ, সনদায়ন, বিপণন এবং রপ্তানি পণ্য বৃদ্ধিকরণ করা হচ্ছে। এ পর্যায়ে, পণ্যসমূহকে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম যেমনঃ ফেসবুক, এক্স, ইউটিউব, ইনস্টাগ্রাম ইত্যাদি ব্যবহার করে ব্রান্ডিং কার্যক্রম সম্পাদনের নিমিত্ত উদ্যোক্তাদেরকে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

GHASHFUL

**৩.০ উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য;**

পিকেএসএফ কর্তৃক বাস্তবায়নাধীন RMTP-এর আওতায় ঘাসফুল সংস্থা কর্তৃক নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। উক্ত ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতাভুক্ত উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যসমূহের প্রচার প্রচারণার লক্ষ্যে উপরোক্ত সোশ্যাল মিডিয়া মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। এ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করা সম্ভব হবে।

ক) অনলাইনভিত্তিক বাজার ব্যবস্থার উপযোগী উদ্যোক্তাদেরকে শনাক্ত করা যাবে।

খ) উদ্যোক্তারা সোশ্যাল মিডিয়া যেমনঃ ফেসবুক, এক্স, ইউটিউব, ইনস্টাগ্রাম প্রভৃতি ব্যবহার করে তাদের উৎপাদিত পণ্যের বিজ্ঞাপন প্রস্তুত থেকে শুরু করে শ্রেণি, বয়স, অবস্থান অনুযায়ী মানুষের মধ্যে প্রচারণা করতে সক্ষম হবেন।

গ) পণ্য কিভাবে ব্র্যান্ড হিসাবে আবির্ভূত হয় সে সম্পর্কে উদ্যোক্তারা জানতে পারবেন।

ঘ) উদ্যোক্তাদের অনলাইন মার্কেট (ই-কমার্স, এফ-কমার্স)-এ প্রবেশাধিকার বৃদ্ধি পাবে।

**৪.০ উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত কোর্সটির আলোচ্য বিষয়সমূহকে ৬টি মডিউলে বিভক্ত করা হয়েছে, মডিউলসমূহ ও সেগুলোর বিষয়বস্তু নিম্নরূপ (এতৎসংশ্লিষ্ট সেশন পরিচালনা পরিকল্পনা সংযুক্তি-১ দ্রষ্টব্য)**

| | | | |
|---|---|---|---|
| ০১ | **উদ্বোধন ও প্রশিক্ষণ বিষয়ক প্রাথমিক আলোচনা**<br><br>. উদ্বোধন, রেজিস্ট্রেশন, জড়তা বিমোচন<br>. প্রশিক্ষণের উদ্দেশ্য সম্পর্কে সাধারণ ধারণা | ০৪ | **Meta Business Suite**<br><br>. Meta Business Suite বিষয়ক ধারণা<br>. Meta Business সেটিংস<br>. ফেসবুক পেজ অ্যাক্সেস ব্যবস্থাপনা<br>. ফেসবুক বিষয়ক নিরাপত্তা (2FA, Spam) |
| ০২ | **সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং বিষয়ক ধারণা**<br><br>. সোশ্যাল মিডিয়া এবং মার্কেটিং সম্পর্কে প্রাথমিক ধারণা<br>. পণ্যের ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন সম্পর্কে ধারণা<br>. পণ্যের মান উন্নয়ন বিষয়ক ধারণা<br>. পণ্যের পরিবহণ বিষয়ক ধারণা<br>. বিভিন্ন প্রকার সোশ্যাল চ্যানেল বিষয়ক আলোচনা<br>. ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম এবং অন্যান্য সোশ্যাল চ্যানেলের ব্যবহার বিষয়ক আলোচনা | ০৫ | **Ads Manager**<br><br>. Ads Manager বিষয়ক ধারণা<br>. Facebook Ads Manager বিষয়ক ধারণা<br>. Facebook Ads Auction<br>. Facebook Ads-এর কার্যকারিতা<br>. বুস্টিং ও মেট্রিক্স বিষয়ক ধারণা<br>. পেমেন্ট ও পণ্যের ডেলিভারি বিষয়ক ধারণা |
| ০৩ | **ফেসবুকভিত্তিক মার্কেটিং কৌশল**<br><br>. ফেসবুক পেজ প্রস্তুতকরণ এবং অপটিমাইজেশন<br>. ফেসবুক অ্যালগরিদম-এর কার্যপদ্ধতি<br>. ক্যালেন্ডারভিত্তিক কনটেন্ট ব্যবস্থাপনা<br>. ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি বিষয়ক ধারণা<br>. লাইভ এবং রিল প্রস্তুতকরণ<br>. ফেসবুক মনেটাইজেশন | ০৬ | **ইউটিউবভিত্তিক মার্কেটিং কৌশল**<br><br>. ইউটিউব চ্যানেল প্রস্তুতকরণ<br>. ভিডিও প্রস্তুত বিষয়ক ধারণা<br>. Thumbnail প্রস্তুতকরণ<br>. ইউটিউব অ্যানালাইটিক্স<br>. করণীয় এবং করণীয় নয় বিষয়ক আলোচনা |

**৫.০ কনসালটেন্ট কর্তৃক প্রদেয় ডকুমেন্টস/নথি**

ক) কনসালটেন্ট আর এতদ্বিষয়ক অভিজ্ঞতার আলোকে বিভিন্ন পণ্যভিত্তিক উদাহরণের মাধ্যমে অনুচ্ছেদ ৪.০ এবং সংযুক্তি-১ মোতাবেক উপরোক্ত প্রশিক্ষণ প্রদান করবেন। প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণার্থী মূল্যায়ন ফর্ম প্রস্তুত করবেন এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মূল্যায়নসহ (Pre and Post-evaluation) তা ঘাসফুলকে জমা প্রদান করবেন।

খ) প্রশিক্ষণ সংক্রান্ত মডিউলভিত্তিক শিখন ডকুমেন্ট-এর সফটকপি, অডিও/ভিডিও কনটেন্ট উদ্যোক্তাদেরকে প্রদান করবেন।

## ৬.০ চুক্তির সময়কাল

প্রশিক্ষণ বাস্তবায়ন পরিকল্পনায় নির্দেশিত ব্যাচের সংখ্যা (৫ ব্যাচ; প্রতি ব্যাচে ২৫ জন) অনুযায়ী কনসালটেন্ট প্রশিক্ষণ প্রদানের জন্য চুক্তিবদ্ধ হবেন। প্রতি ব্যাচের আওতায় নির্দিষ্ট সংখ্যক উদ্যোক্তাদেরকে অনুচ্ছেদ-৪ মোতাবেক ১ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করতে হবে। উক্ত প্রশিক্ষণ বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান, ঘাসফুলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ বজায় রাখবেন এবং তাঁকে এতদসংশ্লিস্ট যেকোনো প্রকারের রিপোর্টিং করবেন।

## ৭.০ যোগ্যতা ও অভিজ্ঞতা

ক) কনসালটেন্ট

i) ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে-যার মধ্যে প্রশিক্ষণ প্রদান, ডিজিটাল মার্কেটিং, ডিজিটাল এডুকেশন টেকনোলজি (Edtech)/ অ্যাডভার্টাইজিং টেকনোলজি (Adtech), অনলাইন মিডিয়া/ভ্লগ ইত্যাদি বিষয়ের ওপর ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ii) যে কোন স্বীকিত বিশ্ববিদ্যালয় হতে যেকো  বিষয়ে বিষয়ে স্নাতক পাশ হতে হবে।

iii) বৈধ ইনকাম ট্যাক্স সার্টিফিকেট থাকতে হবে।

iv) নিম্নোক্ত বিষয়ে দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবে। Eg. Canva,chat GPT,Elad Genaration ,SEO,Google Advertising,Video Contant Creator,Social Media Page,You Tube Merkting.

v) প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রয়োজনীয় কম্পিউটার স্কীল থাকতে হবে ।

vi) সম্পাদিত এবং বর্তমানে চলমান অ্যাসাইনমেন্টসমূহের বিবরণ প্রদান করতে হবে। তবে প্রশিক্ষণ বিশেষত ডিজিটাল মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত কর্মকান্ড সম্পাদনের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে।

## ৮.০ ডেলিভারাবলস্ এবং আর্থিক প্রস্তাবনা

কনসালটেন্ট উপরোক্ত পরামর্শক সেবা কাজের প্রয়োজনীয় ডেলিভারাবলস্ (সম্মানী, খাবার, ভেন্যু, লজিস্টিক, প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা) সহ বিস্তারিত আর্থিক প্রস্তাবনা প্রেরণ করবে।

## ৯.০ কনসালটেন্ট নির্বাচন পদ্ধতি

দক্ষতা ও খরচ বিবেচনায় কনসালটেন্ট চির্বাচন করা হবে ।

## ১০.০ মূল্য পরিশোধ প্রক্রিয়া

কনসালটেন্ট ঘাসফুল-এর কাছে জমা দেওয়া চালানের উপর ভিত্তি করে অর্থ (ট্যাক্স কর্তন করে) প্রদান করা হবে। এই চুক্তির অধীনে কনসালটেন্টকে A/c Payee চেকের মাধ্যমে প্রশিক্ষণ শেষে (কোন প্রকার এডভান্স পে দেওয়া হবেনা) অর্থ প্রদান করা হবে।

## সেশন পরিচালনা পরিকল্পনা

GHASHFUL

| সেশন | বিষয়বস্তু | প্রশিক্ষণার্থীদের অর্জন কিংবা প্রশিক্ষণ কোর্সটির মাধ্যমে যে যে বিষয়ে প্রশিক্ষণার্থীগণ জানতে পারবেন | পদ্ধতি | উপকরণ | মূল্যায়ন/মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | উদ্বোধন, রেজিস্ট্রেশন এবং জড়তা বিমোচন | প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে আন্তঃপরিচয় ঘটবে, নিজেদের মধ্যে ভাবের আদান-প্রদান হবে, জড়তা বিমোচন হবে সর্বোপরি অংশগ্রহণমূলক শিক্ষণ প্রক্রিয়া আরম্ভ হবে। | আলোচনা | হাজিরা খাতা, কাগজ, কলম | |
| ২ | প্রকল্প ও প্রশিক্ষণ কোর্সটির লক্ষ্য ও উদ্দেশ্য অবহিতকরণ | প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনকারীগণ RMTP-এর আওতায় আয়োজিত সোশ্যাল মিডিয়া মার্কেটিং সংশ্লিষ্ট প্রশিক্ষণ সম্পর্কে সাধারণ ধারণা প্রাপ্ত হবেন পাশাপাশি দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সটির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে অবগত হবেন। | আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ ফ্লিপ চার্ট | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| ৩ | সোশ্যাল মিডিয়া এবং মার্কেটিং সম্পর্কে প্রাথমিক ধারণা | পণ্যের মার্কেটিং কৌশল কি, সোশ্যাল মিডিয়া বলতে কি বুঝায়, বিশ্বের বিভিন্ন ধরনের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এবং সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সম্পর্কে অংশগ্রহণকারীগণ ধারণা প্রাপ্ত হবেন। | আলোচনা, মুক্ত চিন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| | পণ্যের ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন সম্পর্কে ধারণা | কি উপায়ে উদ্যোক্তা ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন করতে পারবেন, কীভাবে ক্রেতাকে পণ্যের প্রতি আকৃষ্ট করা যায় এ বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। | | | |
| | পণ্যের মান উন্নয়ন, প্যাকেজিং এবং পরিবহণ বিষয়ক ধারণা | পণ্যের ধরণ অনুযায়ী মান নিশ্চিতকরণ এবং প্যাকেজিং-এর ক্ষেত্রে কি কি বিষয়ের দিকে খেয়াল করতে হবে, পরিবহণ/বিতরণের ক্ষেত্রে পণ্যের ধরণভিত্তিক প্যাকেজিং কৌশল কেমন হবে এবং প্রশিক্ষকের অভিজ্ঞতার আলোকে এতৎসংশ্লিষ্ট সর্বোত্তম ব্যবস্থাপনা বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। | | | |
| | বিভিন্ন প্রকার সোশ্যাল চ্যানেল যেমনঃ ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম এবং অন্যান্য সোশ্যাল চ্যানেলের ব্যবহার বিষয়ক আলোচনা | প্রচলিত বিভিন্ন সোশ্যাল মিডিয়া তথা চ্যানেল যেমনঃ ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম, এক্স এবং অন্যান্য সোশ্যাল চ্যানেল এবং সেগুলোর উদ্দেশ্য ও ব্যবহার বিষয়ে অংশগ্রহণকারীগণ সম্যক ধারণা পাবেন। | | | |
| | ফেসবুক পেজ প্রস্তুতকরণ এবং অপটিমাইজেশন | অংশগ্রহণকারীগণ ফেসবুক ওয়েব/অ্যাপ ব্যবহার করে পেজ প্রস্তুত করতে সক্ষম হবেন এবং কি কি তথ্য অন্তর্ভুক্ত করে পেজটিকে সমৃদ্ধ করা যাবে ও সহজেই জনগণ পেজটি সার্চ করে খুঁজে পাবে সেসব বিষয়ে সম্যক ধারণা পাবেন। | আলোচনা, মুক্ত চিন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪ | ফেসবুক অ্যালগরিদম-এর কার্যপদ্ধতি | কোন ফেসবুক গ্রুপ, পেজ, পোস্ট এবং পেজ-এর অন্তর্গত যেকোন পোস্ট ইত্যাদি কি পদ্ধতিতে/কৌশলে জনগণের প্রত্যাশা এবং চাহিদা মোতাবেক তাঁদের অ্যাকাউন্ট-এ প্রদর্শিত হয় সেসব বিষয়ে অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন। | | | |
| | ক্যালেন্ডারভিত্তিক কনটেন্ট ব্যবস্থাপনা | ফেসবুক পেজ-এর কনটেন্ট প্রস্তুত করা এবং নির্দিষ্ট সময়ানুপাতিক পরিকল্পনা (ক্যালেন্ডার) অনুযায়ী কখন ও কোথায় তা পোস্ট করা হবে এ সমস্ত কৌশল সম্পর্কে অংশগ্রহণকারীগণ ব্যবহারিক উদাহরণসহ ধারণা প্রাপ্ত হবেন। | | | |
| | ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি এবং লাইভ এবং রিল প্রস্তুতকরণ বিষয়ক ধারণা | কনটেন্ট প্রস্তুতকরণের ক্ষেত্রে ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি কৌশল সম্পর্কে অংশগ্রহণকারীগণ অবগত হবেন। এর পাশাপাশি ফেসবুক লাইভ এবং রিল কি উপায়ে প্রস্তুত করতে হয় সে সম্পর্কেও সম্যক ধারণা পাবেন। | | | |
| | ফেসবুক মনেটাইজেশন বিষয়ক ধারণা | পণ্য বিষয়ক কনটেন্ট প্রস্তুতকরণ এবং সেগুলো প্রদর্শন করে ফেসবুক থেকেই কি উপায়ে অর্থ উপার্জন করা যায় সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন। | | | |
| ৫ | Meta Business Suite বিষয়ক ধারণা | ফেসবুক/মেটা বিজনেস স্যুট কি এবং তা ব্যবহার করে পণ্য প্রদর্শন ও মার্কেটিং-এর কি কি কাজ করা যায়, কীভাবে করা যায়, মেটা বিজনেস স্যুট বিষয়ক বিভিন্ন সেটিংস সম্পর্কে অংশগ্রহণকারীগণ শিখতে পারবেন। | আলোচনা, মুক্ত চিন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| | ফেসবুক পেজ অ্যাক্সেস এবং নিরাপত্তা ব্যবস্থাপনা | ফেসবুক পেজ-এ অ্যাডমিন/মডারেটর কর্তৃক সাইন ইন করা এবং পেজ ব্যবস্থাপনা শেষে সঠিকভাবে সাইন আউট করা, পেজ অ্যাডমিন/মডারেটর কর্তৃক পেজ-এর অ্যাকাউন্টভিত্তিক তথ্য নিরাপত্তা, স্পাম নিয়ন্ত্রণ ছাড়াও পেজ-এ প্রদর্শিতব্য কনটেন্ট-এর নিরাপত্তা কীভাবে নিশ্চিত করা যায় ইত্যাদি বিষয় সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন। | | | |
| ৬ | Ads Manager (বিজ্ঞাপন ব্যবস্থাপনা) | ফেসবুক-পেজ এবং পেজ এ প্রদর্শিতব্য পোস্ট তথা কনটেন্টসমূহের প্রোমোশন কীভাবে করা যায়, এতৎসংশ্লিষ্ট বিজ্ঞাপন ব্যবস্থাপনা বিষয়ে অংশগ্রহণকারীগণ জানতে পারবেন। ফেসবুক অ্যাডস ম্যানেজার-এর কার্যকারিতা, অকশনভিত্তিক অ্যাড কীভাবে প্রস্তুত করতে হয় এসব বিষয়েও অংশগ্রহণকারীগণ সুস্পষ্ট ধারণা পাবেন। | আলোচনা, মুক্ত চিন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| | ফেসবুক পেজ/পোস্ট বুস্টিং ও মেট্রিক্স বিষয়ক ধারণা | ফেসবুক পেজ/পোস্ট প্রমোশনের প্রয়োজন মোতাবেক যেমনঃ এলাকা, বয়স, জেন্ডার ইত্যাদি বিবেচনায় বুস্টিং কীভাবে করা যায় এবং পেজ/পোস্ট-এ দর্শকদের Engagements, Reach, Impression, Frequency, Average watch time, cost per click, cost per mile ইত্যাদি মেট্রিক্সসমূহ কীভাবে জানা যায় সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুস্পষ্ট ধারণা পাবেন। | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মূল্য পরিশোধ প্রক্রিয়া (পেমেন্ট) ও পণ্যের ডেলিভারি | ফেসবুক পেজ/পোস্ট-এর জন্য প্রস্তুতকৃত বিজ্ঞাপন সর্বোচ্চ সংখ্যক দর্শকের কাছে সফলভাবে পৌঁছে দেওয়ার জন্য কীভাবে উক্ত বিজ্ঞাপনের পেমেন্ট করতে হবে, পেমেন্ট প্রদানের ক্ষেত্রে কি কি বাধ্যবাধকতা আছে সে বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। এছাড়াও পণ্য বিতরণের সাপ্লাই চেইন ব্যবস্থাপনা কেমন হতে পারে সে বিষয়েও অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন। | | | |
| ৭ | ইউটিউব চ্যানেল প্রস্তুতকরণ | অংশগ্রহণকারীগণ ইউটিউব চ্যানেল তৈরি বিষয়ক ধারণা পাবেন। | আলোচনা, মুক্ত চিন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| | ইউটিউব ভিডিও এবং এর Thumbnail প্রস্তুতকরণ | অংশগ্রহণকারীগণ ইউটিউব চ্যানেলের আওতায় ভিডিও কনটেন্ট এবং Thumbnail কীভাবে প্রস্তুত করতে হবে, ভিডিও আপলোড কীভাবে করতে হবে, কোন শর্ত প্রযোজ্য কিনা সে সব বিষয়ে অংশগ্রহণকারীগণ জানতে পারবেন। | | | |
| | ইউটিউব অ্যানালাইটিক্স | ইউটিউব চ্যানেল চ্যানেল বা পোস্ট-এ দর্শকদের Engagements, Reach, Impression, Average watch time, cost per click, cost per mile, Age and Gender based analytics ইত্যাদি মেট্রিক্সসমূহ কীভাবে জানা যায় সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুস্পষ্ট ধারণা পাবেন। | | | |
| | করণীয় এবং করণীয় নয় বিষয়ক আলোচনা | ইউটিউব চ্যানেল ব্যবস্থাপনার ক্ষেত্রে কি কি বিষয় খেয়াল রাখতে হবে, কি কি বিষয় পরিহার করতে হবে সে বিষয়ে অংশগ্রহণকারীগণ জানতে পারবেন। | | | |

House No # 62, Road No #03, Block # B, Chandgaon R/A, Chattogram-4212. Phone:02 41388047
Cell: 01777780755, E-mail: ghashful@ghashful-bd.org, ghashfulheadoffice@gmail.com
**WWW.ghashful-bd.org**